

কমিটি হচ্ছে, আইন মতে হল

দুখলমুক্ত করবে সরকার

আন্দোলনরত জরিপ শিক্ষার্থীদের শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দুখল হয়ে যাওয়া হলওলো উদ্ধারে সরকারের উচ্চ পর্যায়ে একটি কমিটি গঠন করা হবে। কমিটি হলের জমির বৈধ কাগজপত্র বের করবে। আইন অনুযায়ী এমন ব্যবস্থা নেয়া হবে যেন স্থায়ীভাবে আমরা হলগুলো দুখল নিতে পারি। আর দুখলদাররা জমি না ছাড়লে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিবে সরকার। গতকাল বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি এ কথা বলেন।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ পৃষ্ঠা ২ কলাম ৩

কমিটি হচ্ছে

২০ পৃষ্ঠার পর

নির্ধারিত করছিল জরিপ শিক্ষার্থীরা। পার্শ্ববর্তী সরকারি কবি নগরকলে এক অনুষ্ঠান শেষে এসময় ফিরছিলেন শিক্ষামন্ত্রী। নূরুল ইসলাম নাহিদকে দেখতে পেয়ে তার গাড়ির সামনে দাঁড়িয়ে যায় শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের অবরোধের মুখে পড়ে গাড়ি থেকে নেমে যান শিক্ষামন্ত্রী। এসময় তিনি বলেন, জগন্নাথ কলেজ থাকাকালীন সময় থেকে এ কলেজের শিক্ষার্থীরা এসব হোস্টেলে অবস্থান করতো। কোনো না কোনোভাবে এগুলো বেহাত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থান সংকুলান না হওয়ায় এ হোস্টেলগুলো এখন খুবই প্রয়োজন। দুখলদারদের উদ্দেশ্যে তিনি বলেন, শিক্ষার স্বার্থে হোস্টেলগুলো এখনই ফেরত দিন। আগনাদেরকে ধন্যবাদ জানানো হবে।

শিক্ষামন্ত্রী বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য অনেকগুলো উন্নয়ন কাজ হাতে নেয়া হয়েছে। মন্ত্রী উচ্চ পর্যায়ের দু'জন প্রকৌশলীকে সাথে নিয়ে যান এবং মহিলা হল ও একাডেমিক ভবনের উর্ধ্বসম্পন্নায়ণের কাজসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য উন্নয়ন কাজের প্রকৃতি তরু করতে নির্দেশ দেন।

এছাড়া পৌনে ১টার দিকে রায়শাহেব বাজার সোড়ে মাসেম সাহারা খাড়ুনকেও অবরোধ করে শিক্ষার্থীরা। অন্যদিকে গতকাল দিনভর গণস্বাক্ষর কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা।

হলের দাবিতে অধিকার মঞ্চ গঠনের ঘোষণা: দুখল হল উদ্ধার ও নতুন হল নির্মাণের দাবিতে অধিকার মঞ্চ গঠনের ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এদিকে ৮ দফা দাবিতে কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। এছাড়া পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ (বৃহস্পতিবার) শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করবে শিক্ষক-শিক্ষার্থীরা। পাশাপাশি আগামী রবিবার বেদবলে থাকা হলগুলোর যে কোন একটি উদ্ধারে অভিযান চালানোর ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা। গতকালের পৃথক পৃথক কর্মসূচি পালন শেষে এসব ঘোষণা দেন শিক্ষক-শিক্ষার্থীরা। এছাড়া গত ২৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের চার কর্মকর্তাকে পুলিশের নারধরের প্রতিবাদে আজ ক্যাম্পাসে মানববন্ধন করবে জরি কর্মকর্তা পন্থিতি।